

**প্রেস বিজ্ঞপ্তি**  
**জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ**  
**বিভিন্ন অপরাধে ৫টি প্রতিষ্ঠানকে ৩.০০ হাজার টাকা জরিমানা**

৩১ মে ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা জেলা কার্যালয়ে কর্মরত সহকারী পরিচালক মোঃ মাসুম আরেফিনের নেতৃত্বে ঢাকা মহানগরে আজ বাজার তদারকি করা হয়।

তদারকিকালে ঢাকা মহানগরীর পল্লবী এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য-পণ্য তৈরীর অপরাধে জনতা জেনারেল স্টোর, খোরশেদ আলম জেনারেল স্টোর ও মেসার্স মকবুল এন্ড ব্রাদার্সকে যথাক্রমে ১,০০০/- (এক হাজার) টাকা, ১,০০০/- (এক হাজার) টাকা ও ৫০০/- (পাঁচশত) টাকা এবং বাটখারা বা ওজন পরিমাপক যন্ত্রে কারচুপির অপরাধে কাসেমের মাছের দোকান ও সেলিমের মাছের দোকানকে ৫০০/- (পাঁচশত) টাকা করে ১,০০০/- (এক হাজার) টাকাসহ মোট ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের বাজার তদারকিতে ৫টি প্রতিষ্ঠানকে মোট ৩,৫০০/- (তিন হাজার পাঁচশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। জেলা পুলিশ, বাজার কর্মকর্তা ও ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

স্বাক্ষরিত/-  
(আফরোজা রহমান)  
সহকারী পরিচালক

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

- ১। মহাপরিচালক, র‍্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা।
- ৪। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৫। জেলা প্রশাসক, ঢাকা মহানগর।
- ৬। পুলিশ সুপার, ঢাকা মহানগর।
- ৭। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৮। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৯। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।